(একই তারিখ ও স্মারকের প্রতিস্থাপক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৫ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং: ৪১.০০.০০০০.০৪১.০৪.০১৫.১২(অংশ)-৯৬ তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২২ / ০৪ জুন ২০১৫

অফিস স্মারক

বিষয়: জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩ এর আলোকে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রাবদ্ধ বিষয়ে জানানো যাচ্ছে, গত ১৭ নভেম্বর ২০১৩ মন্ত্রিপরিষদ কর্তৃক জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩ অনুমোদনের পর তার আলোকে একটি কর্মপরিকল্পনা প্রবীণ বিষয়ক জাতীয় কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। ইতোমধ্যে নীতিমালার ৮(১) ধারা মোতাবেক গত ২৭ নভেম্বর ২০১৪ তারিখ মহামান্য রাষ্ট্রপতি দেশের ষাটোর্ধ ব্যক্তিদের 'সিনিয়র সিটিজেন' হিসেবে ঘোষণা করায় তাঁদের জন্য নীতিমালায় বর্ণিত সুযোগ-সুবিধা নিশ্চিতকরণের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে। কিন্তু নীতিমালা অনুযায়ী প্রবীণদের সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ সমাজকল্যাণ মন্ত্রণালয় এককভাবে করতে সক্ষম হবে না বিধায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সহযোগিতা প্রয়োজন।

এমতাবস্থায়, এতৎসংগে সংযুক্ত জাতীয় কমিটি কর্তৃক গৃহীত নীতিমালার আলোকে প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী আপনার মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত দায়িত্ব যথাযথভাবে বাস্ত্মবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১. জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩
২. নীতিমালার আলোকে প্রণীত কর্মপরিকল্পনা

(নিরঞ্জন দেবনাথ)
উপসচিব (প্রশাসন-৫ অধিশাখা)
☎ ৯৫৭৬৩৬১

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজঁগাও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব/ ভারপ্রাপ্ত সচিব .... তাঁর আওতাভুক্ত সংশ্লিষ্ট সকল সংস্থাকে কর্মপরিকল্পনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রমের গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

স্মারক নং: ৪১.০০.০০০০.০৪১.০৪.০১৫.১২(অংশ)-৯৬ তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২২ / ০৪ জুন ২০১৫

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(নিরঞ্জন দেবনাথ)
উপসচিব (প্রশাসন-৫ অধিশাখা)

১৭৭

জাতীয় প্রবীণ নীতিমালা ২০১৩ আলোকে 'কোর কমিটি' কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা

কৌশলগত বিষয়বস্তু	নীতিমালার ক্রমিক নং	করণীয় বিষয়	প্রাথমিক ও সহায়ক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
আবাসন	৫.০	সরকারি ও বেসরকারি আবাসন/কোয়ার্টারে মাতা-পিতার (Parents Room) জন্য একটি আলাদা কক্ষের (Attached Bathroom সহ) ব্যবস্থা করা ।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, রিহ্যাব	পরিবারের সাথে বসবাস করার প্রতিবন্ধকতা দূর হবে।	√	√	√
		সকল প্রকার ভৌত কাঠামোতে প্রবীণদের চলাচলের জন্য নিরাপত্তার বিষয়টি বিবেচনা করা।	স্থানীয় সরকার বিভাগ শিক্ষা মন্ত্রণালয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়	চলাচল ও নিরাপত্তা নিশ্চিত হবে।		√	√
		সরকারি ও বেসরকারি আবাসন, অফিসসমুহে প্রবীণ উপযোগী টয়লেটের ব্যবস্থা করা।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ	প্রবীণদের বসবাস ও চলাচল স্বস্তিদায়ক হবে। তাদের সক্রিয় হওয়া এবং অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি হবে এবং বাধাগুলো দূর হবে।	√	√	√
প্রবীণ ব্যক্তির সামাজিক সুযোগ-সুবিধা	৮(১)	প্রবীণ ব্যক্তিদেরকে রাষ্ট্রীয়ভাবে "জ্যেষ্ঠ নাগরিক" (Senior Citizen) হিসাবে স্বীকৃতি দেয়া এবং প্রাপ্য সহায়তা ও সুবিধাদি প্রদান করা।	প্রধানমন্ত্রীর কার্যালয় সমাজকল্যাণ মন্ত্রণালয়	প্রবীণরা জ্যেষ্ঠ নাগরিক হিসেবে সম্মানিত বোধ এবং ক্ষমতায়িত হবেন।	√	√	√
		জাতীয় পরিচিতি কার্ডে ষাটোর্ধ সকল ব্যক্তিকে 'জ্যেষ্ঠ নাগরিক'/প্রবীণ হিসেবে ঘোষণা দেয়া। জাতীয় পরিচিতি কার্ডের একই নাম্বারে কার্ডটি ভিন্ন রংয়ের করা। প্রবীণরা এই কার্ডের মাধ্যমেই সকল সুযোগ-সুবিধাসমূহ ভোগ করবে। এই পদ্ধতিতে বিষয়টি সাশ্রয়ী এবং সহজলভ্য হবে। নির্বাচনে প্রবীণদের জন্য অলাদা বুথ করা।	নির্বাচন কমিশন সমাজকল্যাণ মন্ত্রণালয়	সকল সুযোগ-সুবিধাসমূহ পাওয়ার বিষয়ে সহজ ও নিশ্চিত হবেন। ভোট দেয়ার সময় প্রবীণদের কষ্ট লাঘব হবে।	√ √	√ √	√
পরিবহন	৮(৯)	প্রবীণবান্ধব যাত্রী ছাউনীর ব্যবস্থা করা (আলাদাভাবে টিকেট কাউন্টার, বসার স্থান, যানবাহনে উঠা-নামার জন্য হুইল চেয়ার/সিঁড়ি ও টয়লেট ইত্যাদি)।	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন পৌরসভা জেলা পরিষদ স্থানীয় সরকার বিভাগ	যাতায়াত করার ক্ষেত্রে প্রবীণদের কষ্ট লাঘব হবে।	√	√	
		সরকারি গণপরিবহণে (বাস, রেল- সাধারণ শ্রেণি, জলপথ, বিমান) ও বেসরকারি বিমানে ১০% সিট রিজার্ভ রাখা এবং সিটি বাসগুলোতে আলাদা ৩টি আসন সংরক্ষণ রাখা।	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়,রেলপথ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়	প্রবীণদের কষ্ট লাঘব হবে এবং চলাচল বৃদ্ধি পাবে।	√	√	
		ট্রাফিক পারাপারে প্রবীণদের জন্য বিশেষ সহায়তা করা।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	প্রবীণরা নিরাপদে চলাচল করতে পারবেন।	√	√	
		দূর পাল্লার যানবাহনের (বাস, ট্রেন, লঞ্চ, ষ্টীমার, মনোরেল, মেট্রোরেল ইত্যাদি) টিকেটে ৩০% ডিসকাউন্ট দেয়া এবং যানবাহনে প্রবীণ উপযোগী খাবার পরিবেশনের ব্যবস্থা রাখা।	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়,রেলপথ মন্ত্রণালয় নৌ-পরিবহন মন্ত্রণালয়	নিরাপদ ও স্বস্তিতে যাতায়াত করতে পারবে এবং সেবা সমূহে অভিগম্যতা বাড়বে।	√	√	√

নিরঞ্জন দেবনাথ
উপসচিব (প্রশা-৫ অতিঃ)
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৌশলগত বিষয়বস্তু	নীতিমালার ক্রমিক নং	করণীয় বিষয়	প্রাথমিক ও সহায়ক বাস্তবায়নকারী	প্রত্যাশিত ফলাফল	স্বল্প মেয়াদী	মধ্য মেয়াদী	দীর্ঘ মেয়াদী
		কোন কারণে দূরপাল্লার যানবাহনগুলোর যাত্রা দেরী বা বিরতি হলে যানবাহন কর্তৃপক্ষ কর্তৃক প্রবীণদের জন্য ন্যূনতম সহায়তা যেমন খাবার, পানি, ইমারজেন্সি ঔষধ, টয়লেট ইত্যাদির ব্যবস্থা রাখা।	সড়ক পরিবহন ও সেতু এবং নৌ-পরিবহন মন্ত্রণালয় বেসরকারি উদ্যোক্তা সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ	যাতায়াত স্বস্থিদায়ক ও নিরাপদ হবে।	√	√	√
		সকল প্রকার যানবাহন, টার্মিনাল, স্ট্যান্ড, আবাসন, হাসপাতাল, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও ভবনসমূহে ঢালুপথের (Ramp) ব্যবস্থা করা এবং যাতায়াতের জন্য শহরের প্রতিটি ফুটপাত, উঁচু রাস্তার শেষপ্রান্ত চলাচলের সুবিধার্থে ঢালুকরণ করা।	সিটি কর্পোরেশন স্থানীয় সরকার বিভাগ	যাতায়াতে নিরাপত্তা নিশ্চিত হবে এবং অভিগম্যতা বৃদ্ধি হবে।	√	√	√
	৮ (১০)	প্রবীণদের পরিবার ও সমাজ থেকে বিচ্ছিন্ন না করে অর্থাৎ তার নিজ পরিবেশের মধ্যে রাখতে হলে যেসকল প্রবীণ আর্থিকভাবে সামর্থ্যবান ও স্বচ্ছল তারা তাদের নিজ প্রচেষ্টায় দলগত হয়ে প্রবীণ উপযোগী নিবাস তৈরিতে বেসরকারিভাবে উদ্যোক্তা তৈরির ব্যবস্থা করা। পাশাপাশি অসহায়, দুস্থ এবং সামর্থ্যবান নয় এমন প্রবীণদের জন্য সরকার শিশু-পরিবারের সাথে শান্তি নিবাসে প্রবীণদের পুনর্বাসন এর ব্যবস্থা করা এবং তা চলমান রাখতে অধিকতর সচেষ্ট হওয়া।	সমাজকল্যাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ এনজিও বেসরকারি উদ্যোক্তা	পরিবারের সদস্য ও প্রবীণদের দেখ-ভালের একটি সমন্বিত ব্যবস্থা তৈরি হবে।		√	√
		যেসব প্রবীণ তাদের সন্তানদের সাথে বসবাস করতে পারছেন না তাদের জন্য প্রবীণবান্ধব সেবাপ্রদানকারী আবাসনের ব্যবস্থা করা। প্রবীণ ব্যক্তিটির নিজস্ব পাড়া, গ্রাম, কমিউনিটিতে আবাসনের জন্য সমাজভিত্তিক প্রবীণ নিবাস এর ব্যবস্থা করা।	রিহ্যাব গণপূর্ত মন্ত্রণালয় এনজিও সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ জিও /এনজিও উদ্যোক্তা পিপিপি এর আওতায় উদ্যোগকে শক্তিশালী করা প্রধানমন্ত্রীর কার্যালয়	পরিবার ছাড়াও বসবাসের জন্য একটি বিকল্প ব্যবস্থা গড়ে উঠবে।		√	√
		সামাজিক বিনিময় এবং চিত্তবিনোদনের জন্য গ্রাম ও শহর ভিত্তিক 'প্রবীণ মিলন কেন্দ্র' এবং পাঠাগার প্রতিষ্ঠা করা।	গণপূর্ত মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ জিও/এনজিও উদ্যোক্তা বেসরকারি উদ্যোক্তা সমাজকল্যাণ মন্ত্রণালয় শিক্ষা মন্ত্রণালয়	প্রবীণরা সামাজিক, শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও স্বাচ্ছন্দ্যে সক্রিয় থাকবেন।	√	√	√
		পরিবারের সদস্যদের সাথে বসবাস করার আয়োজনে সহায়তা করা, প্রয়োজনে বিশেষ প্রণোদনা (সরকারি কোয়ার্টার, জমি বরাদ্দ, ঋণ ইত্যাদি) করা।	সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ	পরিবারে প্রবীণদের রাখার ব্যাপারে আগ্রহ তৈরি হবে এবং আন্ত-প্রজন্ম সম্পর্ক উন্নয়নে সহায়ক হবে।	√	√	√
প্রবীণ ব্যক্তিদের স্বাস্থ্য পরিচর্যা ও পুষ্টি	১২.০	Geriatric Care and Medicine ➢ প্রচলিত মেডিকেল শিক্ষা পাঠক্রমে বার্ধক্য স্বাস্থ্য পরিচর্যা (Geriatric Care and Medicine) বিষয়টি অন্তর্ভুক্ত করা ➢ প্রতিটি মেডিকেল কলেজ হাসপাতাল ও জেলা হাসপাতালে Geriatric বিভাগ খোলা ➢ জরা বিজ্ঞান (Gerontology) ও বাধ্যর্কজনিত রোগসহ প্রবীণ ব্যক্তিদের সেবা প্রদানকারী চিকিৎসা পেশাজীবীদের শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান কর্মসূচি প্রবর্তন করে	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, এনজিও, বেসরকারি উদ্যোক্তা	প্রবীণদের জন্য স্বাস্থ্যসেবা এবং সেবা প্রদানকারীর মান ও সক্ষমতা বৃদ্ধি পাবে এবং সেবা সমূহ সহজলভ্য হবে		√	√

নিরঞ্জন দেবনাথ
উপসচিব (প্রশা-৫ অধিশাখা)
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার